# সিলেট বোর্ড-২০১৯

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ একটি রাষ্ট্রের 'ক' এলাকা দীর্ঘদিন ধরে 'খ' এলাকাকে বিভিন্ন অজুহাতে নিজেদের অধিকার থেকে বঞ্চিত করে আসছে। এতে 'খ' এলাকার একজন মহান নেতা তাঁর দীর্ঘদিনের আন্দোলনের সফলতাকে কাজে লাগান এবং এলাকার জনগণকে একত্রিত করে বঞ্চনার বিরুদ্ধে স্বাধীনতার প্রেরণা হিসেবে একটি ভাষণ প্রদান করেন। তাঁর প্রতি ক্ষুব্ধ হয়ে 'ক' এলাকার শাসক তাঁকে আটক করে। পরবর্তীতে তাঁর কিছু বিজ্ঞ সহকর্মী তাঁকে প্রধান রেখেই নিজেদের মধ্যে দায়িত্ব বণ্টন করেন এবং ঐক্যবদ্ধভাবে তাঁর ভাষণকে বাস্তবে রূপ দেন।

ক. যৌথ কমান্ড কী? ১

খ. সর্বদলীয় সংগ্রাম পরিষদ কেন গঠিত হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'খ' এলাকার মহান নেতার ভাষণটি তোমার পাঠ্যবইয়ের কোন দিকটি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকে বর্ণিত কার্যক্রম বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন সরকারকে ইঙ্গিত করে? মতামত দাও। ৪

২.▶ 'P' রাষ্ট্রের রসুলপুর গ্রাম। উক্ত গ্রামের লোকজন তেমন শিক্ষিত নন। কিন্তু তারা নিজের সন্তানের ভবিষ্যতের কথা চিন্তা করে সরকার প্রদত্ত স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে টিকা দেন এবং সন্তানদেরকে নিয়মিত বিদ্যালয়ে পাঠান।

ক. নাগরিক কাকে বলে? ১

খ. জনসমষ্টিকে রাষ্ট্রের প্রাথমিক উপাদান বলা হয় কেন? ২

গ. রসুলপুর গ্রামের লোকজনের কর্মকাণ্ডের সাথে পাঠ্যবইয়ের কোন ধারণার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. P রাষ্ট্রের কাজগুলো কল্যাণমূলক রাষ্ট্রের জন্য কি যথেষ্ঠ? মতামত দাও। ৪

৩.▶ দশম শ্রেণির শিক্ষার্থী জহির তার বাবার সাথে গত বর্ষায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়ি এলাকা ভ্রমণ করে। ভ্রমণ চলাবস্থায় জহির ও তার বাবার কথোপকথন:

জহির : আচ্ছা বাবা, এখানকার পাহাড়সমূহে মাঝে মাঝে ফাটল রয়েছে কেন?

বাবা : মাটির অভ্যন্তরীণ কিছু গঠন ও কাঠামোর কারণে এমনটি হয়েছে। এছাড়া কিছু লোক নির্বিচারে পাহাড় ও পাহাড়ি গাছপালা কাটার কারণেও এসব ঘটছে।

জহির : কিন্তু বাবা এখানে এত বেশি বৃষ্টিপাত হচ্ছে, অথচ আমাদের এলাকায় এখনো বৃষ্টিপাত শুরুই হয়নি।

Teachingbd24.com

বাবা : এজন্যই তো আমরা এখন আর ছয় ঋতু দেখতে পাই না বরং তিন ঋতুর মধ্যেই আমাদের জলবায়ু সীমাবদ্ধ হয়ে পড়েছে।

ক. টিলা কাকে বলে? ১

খ. বাংলাদেশের কিছু স্থানে জনবসতির ঘনত্ব কম কেন? ২

গ. জহির ও তার বাবার কথোপকথনে কোন প্রাকৃতিক দুর্যোগের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জহিরের বাবার শেষোক্ত আক্ষেপ আমাদের জীবন-জীবিকার উপর প্রভাব ফেলে।' — বিশ্লেষণ কর। ৪

৪. ▶ শিক্ষক শিক্ষার্থীদের ক্লাসে পড়াতে গিয়ে দুইটি প্রতিষ্ঠানের কথা বলেন। মি. 'X' এমন একটি প্রতিষ্ঠানের পদ ধারণ করে, যার বিরুদ্ধে আদালতে অভিযোগ দায়ের করা যায় না। তিনি প্রয়োজনে দেশের আইন-কানুন স্থগিত রাখতে পারেন।

মি. 'Y' একটি প্রতিষ্ঠানের নেতা। মি. 'Y' এর প্রতিষ্ঠানটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচিত ব্যক্তিদের নিয়ে গঠিত হয়। মি. 'X' বিধি-বিধান অমান্য করলে মি. 'Y' এর প্রতিষ্ঠান তাকে পদচ্যুত করতে পারে।

ক. স্থানীয় স্বায়ত্তশাসন কী? ১

খ. জেলা প্রশাসককে জেলার মধ্যমনি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত কাজই কি মি. 'Y' এর ক্ষমতা ও কার্যাবলি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কাজই কি মি. 'Y' এর প্রতিষ্ঠানের একমাত্র কাজ? যৌক্তিক মতামত দাও। ৪

৫. ▶ **ঘটনা-১:** X একটি গ্রহ যার একমাত্র উপগ্রহ Y। সূর্যকে কেন্দ্র করে X এবং Y কখনো একই সরলরেখায় আবার কখনো সমকোণে অবস্থান করে।

**ঘটনা-২ :** X গ্রহটির যে স্থান সূর্যের কাছাকাছি থাকে ঐ স্থানে গরম অনুভূত হলেও অন্যসময় তা সূর্য হতে দূরে চলে যাওয়ায় ঠাণ্ডা অনুভূত হয়।

ক. সৌর কলঙ্ক কী? ১

খ. আন্তর্জাতিক তারিখ রেখার প্রয়োজন হয় কেন? ২

গ. উদ্দীপকের ঘটনা-১ অনুযায়ী X এবং Y এর সংঘটিত অবস্থাটি তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "পৃথিবীর আবর্তনের ফলেই ঘটনা-২ এর অবতারণা ঘটে"—তুমি কি একমত? যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

৬. ▶ **দৃশ্যপট-১ :** মানুষকে সম্পদ M এর জন্য প্রকৃতির উপর বেশি নির্ভরশীল হতে হয়। ঋতু ও অঞ্চলভেদে উপকরণ প্রাপ্তির উপর এর উৎপাদনের ভিন্নতা দেখা দেয়। বাংলাদেশ ও এর আশেপাশের দেশগুলোতে উক্ত সম্পদের উৎপাদিত দ্রব্যগুলোর উৎপাদনশীলতারও ভিন্নতা পরিলক্ষিত হয়।

**দৃশ্যপট-২ :** সম্পদ 'M' উৎপাদন বৃদ্ধিতে সম্পদ N-কে সঠিকভাবে ব্যবহার করতে হয়। ঋতু ও অঞ্চলভেদে এর পর্যাপ্ত ব্যবহার নিশ্চিত করতে একটি পূর্ব পরিকল্পনা

https://teachingbd24.com

প্রয়োজন। 'M' এর ক্রমাগত বৃদ্ধিতে 'N' সম্পদের বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত ব্যবহার বাড়াতে পারলে আমাদের দেশের উক্ত সম্পদের স্বয়ংসম্পূর্ণতা বৃদ্ধি পাবে। 'N' সম্পদকে কাজে লাগিয়ে আরো অন্যান্য সম্পদেরও উৎপাদন বাড়ানো যায়।

ক. গরান বনভূমি কী? ১

খ. নদীর পানি প্রবাহ হ্রাস পায় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'M' সম্পদটি তোমার পাঠ্যবইয়ের কোন ধরনের প্রাকৃতিক সম্পদকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে 'N' সম্পদের সঠিক ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ।"— বিশ্লেষণ কর। ৪

৭.▶ "X" বিশ্ববিদ্যালয়ের শেষবর্ষের ছাত্র। সে নিম্নোক্ত তিন দেশের অর্থনীতির অবস্থার উপর গবেষণা করে:

**"A" দেশ :** প্রত্যেক মানুষের স্বাস্থ্য ও শিক্ষা গ্রহণ করার সুব্যবস্থা রয়েছে। দেশের অভ্যন্তরীণ সার্বিক অবস্থা স্থিতিশীল। দেশটি জাহাজ, বিমান ইত্যাদি উৎপাদনে শক্ত অবস্থানে পৌঁছে গেছে।

**"C" দেশ :** দেশের জনগণকে কাজ দেয়ার পরিকল্পনা করছে। উৎপাদনের কাঠামো পরিবর্তন করার কর্মসূচি হাতে নিয়েছে।

ক. জাতীয় আয় কী? ১

খ. কখন GNP এবং GDP সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত "A" দেশটি উন্নয়নের মাত্রার ভিত্তিতের কোন ধরনের দেশ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "কিছু পদক্ষেপ গ্রহণের মাধ্যমে 'B' দেশ 'C' দেশের অবস্থায় পৌঁছাতে পারে:" — মূল্যায়ন কর। ৪

৮.▶ "D" একটি আন্তর্জাতিক সংস্থা। বাংলাদেশ সামরিক বাহিনীতে কর্মরত জনাব কফিল উক্ত সংস্থার অধীনে দুবছর যাবৎ একটি যুদ্ধ বিধ্বস্ত দেশে কাজ করে আসছে। এতে তিনি স্থানীয় মানুষের ভালোবাসা ও শ্রদ্ধা অর্জন করেন। দেশের জন্য বর্তমানে তিনি একজন গর্বিত নাগরিক।

ক. 'WHO' বাংলাদেশে কী কাজ করে? ১

খ. নারীর অধিকার আদায়ে 'CEDAW' একটি পূর্ণাঙ্গ দলিল কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'D' সংস্থাটি গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত সংস্থায় জনাব কফিলের দেশের ভূমিকা অনস্বীকার্য"—তুমি কী একমত? যৌক্তিক মতামত দাও। ৪

https://teachingbd24.com

৯.▶

| S-অঞ্চল | K-অঞ্চল | T-অঞ্চল |
|---|---|---|
| ১. সবার জন্য শিক্ষার ব্যস্থা করে | ১. ব্যক্তি ইচ্ছামত ক্রয় ও বিক্রয় করতে পারে | ১. ক্রেতা ও বিক্রেতা দ্বারা পণ্যের দাম নির্ধারিত হয় |
| ২. ব্যক্তি দক্ষতা অনুযায়ী কাজ পায় | ২. ব্যক্তি কাজের বিনিময়ে মূল্য কম পায় | ২. অতি প্রয়োজনীয় দ্রব্যের উপর নিয়ন্ত্রণ আরোপ করা হয় |
| ৩. ভোক্তা প্রয়োজন অনুযায়ী ভোগের সুযোগ পায় | ৩. উৎপাদনকারী লাভ বেশি করার সুযোগ পায় | ৩. উৎপাদনের নির্দিষ্ট অংশ সামাজিক কল্যাণে উৎপাদিত হয় |

ক. ভোগ কী? ১

খ. জাতীয় সম্পদ সংরক্ষণ করা প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'K' অঞ্চলে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে S, K এবং T অঞ্চলের অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে বাংলাদেশ কোনটি অনুসরণ করে? মতামত দাও? ৪

১০.▶ সকালবেলা পত্রিকা খুলতেই আলভীর একটি সংবাদ চোখে পড়ে। তাতে লেখা "গৃহকর্ত্রী দ্বারা গৃহপরিচারিকাকে অমানুষিক নির্যাতন"। এতে আলভীর মনটা খুব খারাপ হয়ে গেল। পত্রিকার শেষ পাতায় আরেকটি সংবাদে তার চোখ আটকে যায়। সেখানে ছবিতে দেখল আটককৃত দু'জন যুবক। নিচে লেখা, "উগ্রপন্থী সন্দেহে গ্রেফতার"।

ক. সামাজিক মূল্যবোধ কী? ১

খ. দারিদ্র্য কীভাবে "শিশু শ্রম" সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. আলভীর দেখা উদ্দীপকের প্রথম সংবাদটি তোমার পাঠ্যবইয়ের কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাষ্ট্রীয় ও সামাজিক জীবনে আলভীর দেখা উদ্দীপকের ২য় সংবাদটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১.▶ জনাব রাকিব একটি আর্থিক প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তা। দেশে একট বৃহৎ শিল্প স্থাপনে তিনি উক্ত প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি হিসেবে আর্থিক সহযোগিতা ও পরামর্শ প্রদান করেন। অন্যদিকে বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলেকে দ্রুত টাকা পাঠানোর জন্য তিনি আরেকটি আর্থিক প্রতিষ্ঠানের দ্বারস্থ হন। ছেলে প্রতিষ্ঠানটির বিশ্ববিদ্যালয় শাখায় গিয়ে তাঁর প্রেরিত টাকা উত্তোলন করে।

ক. সরকারি অর্থব্যবস্থা কাকে বলে? ১

খ. আবগারি শুল্ক কেন ধার্য করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রাকিব সাহেব কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত আছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত ২য় আর্থিক প্রতিষ্ঠানটি আমাদের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে"—বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. কার নেতৃত্বে "গণ আজাদী লীগ" গঠিত হয়?**
(ক) শামসুল হক
(খ) আব্দুল মতিন
(গ) কামরুদ্দিন আহমদ
(ঘ) অধ্যাপক আবুল কাশেম

**২. টাঙ্গাইলের শালবনের বনভূমি কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলের অন্তর্গত?**
(ক) বরেন্দ্র ভূমি
(খ) মধুপুর ও ভাওয়ালের সোপানভূমি
(গ) দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ
(ঘ) উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ

**৩. সামাজিক পরিবর্তনের জৈবিক উপাদান কোনটি?**
(ক) জীবনযাত্রার মান
(খ) নারীর ক্ষমতায়ন
(গ) বৈচিত্র্যপূর্ণ সংস্কৃতি
(ঘ) রেডিও টেলিভিশন

**৪. স্বামী মারা যাওয়ার পর ফিরোজা বেগম একটি প্রতিষ্ঠান থেকে সেলাই মেশিন কেনার জন্য অর্থ ধার নেয়। এজন্য তাকে প্রতিষ্ঠানটিতে কোনো সম্পত্তির দলিল অগ্রিম জমা দিতে হয়নি।**
**ফিরোজা বেগম কোন প্রতিষ্ঠান থেকে অর্থ ধার নিয়েছে?**
(ক) সমবায় ব্যাংক   (খ) গ্রামীণ ব্যাংক
(গ) শিল্প ব্যাংক   (ঘ) কৃষি ব্যাংক

**৫. গ্রিনিচ মান মন্দিরের উপর দিয়ে উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু পর্যন্ত বিস্তৃত ভৌগোলিক রেখাটির নাম কী?**
(ক) মূল-মধ্যরেখা   (খ) বিষুব রেখা
(গ) কর্কটক্রান্তি রেখা   (ঘ) মকরক্রান্তি রেখা

**৬. ৬০ ডিগ্রি পশ্চিম দ্রাঘিমায় অবস্থিত স্থানের প্রতিপাদ স্থানের দ্রাঘিমা কত?**
(ক) ১২০° পূর্ব   (খ) ১২০° পশ্চিম
(গ) ১২০° উত্তর   (ঘ) ১২০° দক্ষিণ

**উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**
সদ্য বিয়ে করা চাকুরিজীবি সোহেল জামাল সাহেবের বাসায় সাবলেট হিসেবে ওঠেন। দুজনে নতুন সংসার গোছাতে এখন ব্যস্ত।

**৭. বসবাসের ভিত্তিতে সোহেলের পরিবারটি কোন ধরনের?**
(ক) মাতৃবাস   (খ) পিতৃবাস
(গ) নয়াবাস   (ঘ) একপত্নী

**৮. বর্তমানে এ ধরনের পরিবারের বিস্তৃতি ঘটার কারণ হলো:**
i. নিজের কর্তৃত্বে থাকার অভিপ্রায়ে
ii. পেশা সংশ্লিষ্টতার কারণে
iii. আর্থিক অস্বচ্ছলতার জন্যে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii   (খ) i ও iii
(গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

**৯. বিশেষ প্রয়োজনে জনগণের স্বার্থে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা কোন স্থানীয় সরকারের কাজ?**
(ক) ইউনিয়ন পরিষদ   (খ) সিটি কর্পোরেশন
(গ) উপজেলা পরিষদ   (ঘ) জেলা পরিষদ

**১০. কোন পাহাড়টি স্থানীয়ভাবে টিলা নামে পরিচিত?**
(ক) তাজিওডং   (খ) কিওক্রাডং
(গ) চিকনাগুল   (ঘ) মোদকমুয়াল

**১১. বাংলাদেশের অভ্যন্তরে পাকবাহিনীর সমর্থনে কোন দলটি মুক্তিযুদ্ধের বিরোধিতা করে?**
(ক) ন্যাপ (মোজাফফর)
(খ) মুসলিম লীগ
(গ) কমিউনিস্ট পার্টি
(ঘ) জাতীয় কংগ্রেস

**১২. রাষ্ট্রের সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ কাজ কোনটি?**
(ক) নাগরিকের স্বাস্থ্যসেবার মান বৃদ্ধি করা
(খ) দ্রব্যের দাম জনগণের সামর্থ্যের মধ্যে রাখা
(গ) রাষ্ট্রের সামগ্রিক শান্তি-শৃঙ্খলা নিশ্চিত করা
(ঘ) জনসাধারণ শিক্ষার সুব্যবস্থা করা

**১৩. বাংলাদেশ ও মায়ানমার সীমান্তে কোন নদী অবস্থিত?**
(ক) নাফ নদী   (খ) তিস্তা
(গ) পশুর নদী   (ঘ) ফেনী নদী

**১৪. শহীদ সাহেব লন্ডনের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছিলেন। ১৯৭১ সালের এপ্রিল মাসে তিনি ব্রিটিশ পার্লামেন্টের সদস্য জনাব 'ক' এর কাছে একটি বিশেষ প্রস্তাব নিয়ে যান। জনাব 'ক' তাঁর প্রস্তাবের পক্ষে মত দেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধে শহীদ সাহেব কী হিসেবে অবদান রেখেছেন?**
(ক) পেশাজীবী   (খ) জনসাধারণ
(গ) প্রবাসী বাঙালী   (ঘ) বুদ্ধিজীবী

**১৫. বিরোধী দল কিভাবে সরকারি দলকে সঠিক সিদ্ধান্ত দিতে সহায়তা করে?**
(ক) জনসভা ও মিটিং, মিছিল করে
(খ) জনগণের কাছে নিজেদের কর্মসূচি তুলে ধরে
(গ) সংসদ অধিবেশনে মতপ্রকাশের মাধ্যমে
(ঘ) বিভিন্ন গণমাধ্যমে মতামত ব্যক্ত করে

**১৬. রাষ্ট্রের চরম ও চূড়ান্ত ক্ষমতা কোনটি?**
(ক) জনসমষ্টি   (খ) নির্দিষ্ট ভূ-খণ্ড
(গ) সার্বভৌমত্ব   (ঘ) সরকার

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
রহমান সাহেবকে সঠিক সময়ে অফিসে পৌঁছানোর জন্য তার ড্রাইভার বেপরোয়া গতিতে গাড়ি চালিয়ে যায়। যদিও তখন সিগনালে লালবাতি জ্বলছিল। রাস্তার পাশে হকারদের বিক্রিত দ্রব্য নষ্ট হলে তারা ব্যাপক ভাংচুর করে।

TeachingBD24.com
https://teachingbd24.com

১৭. উক্ত পরিস্থিতিতে হকারদের দ্বারা কোন সামাজিক সমস্যাটি ঘটেছে?
ⓚ সামাজিক নৈরাজ্য ⓚ সামাজিক বিশৃঙ্খলা
ⓖ মূল্যবোধের অবক্ষয় ⓖ সড়ক দুর্ঘটনা

১৮. চালককে এ ধরনের অপরাধ থেকে বিরত রাখতে প্রয়োজন—
i. যথাযথভাবে গাড়ি চালানো শেখানো
ii. রাস্তা নিয়ন্ত্রণকারী ব্যক্তিদের অধিক সচেতন করা
iii. চালকদের যথার্থ মজুরীর ব্যবস্থা করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৯. কোনটি সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য?
ⓚ বহুসংখ্যক ক্রেতা ও বিক্রেতা থাকা
ⓚ কর্মদক্ষতা অনুযায়ী মজুরি পাওয়া
ⓖ নিজের ইচ্ছেমতো দ্রব্য তৈরি করা
ⓖ মালিক-শ্রমিকের আয় বৈষম্য থাকা

২০. বিচার বিভাগের কাজ কোনটি?
ⓚ আইনের সংশোধন করা
ⓚ রাষ্ট্রপতিকে অভিশংসন করা
ⓖ অধ্যাদেশ জারি করা
ⓖ আইন সংশোধন করা

২১. প্রথম বিশ্ব নারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
ⓚ বেইজিংয়ে ⓚ মেক্সিকোতে
ⓖ নাইরোবিতে ⓖ কোপেনহেগেনে

২২. বিদেশ থেকে প্রেরিত অর্থ মোট দেশজ উৎপাদনের অন্তর্ভুক্ত নয়। কারণ—
i. উপার্জিত আয় দেশটির সীমানার বাইরে হয়েছে
ii. উপার্জিত ব্যক্তি দেশের বাইরে কর্মরত বলে
iii. দু'দেশের অর্থের মান ভিন্ন বলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii


২৩. ইসলামিক অর্থব্যস্থায় কোন বৈশিষ্ট্যটি অনুসরণ করা হয়?
ⓚ সর্বাধিক মুনাফা অর্জন
ⓚ শোষণহীন উৎপাদন প্রক্রিয়া
ⓖ সামগ্রিকভাবে মুনাফা অর্জন
ⓖ সর্বজনীন বিনিয়োগ

২৪. মাহি সরকারি কর্মকর্তা হিসেবে মুন্সিগঞ্জে কর্মরত। ব্যক্তিগত নিরাপত্তাজনিত অস্ত্র রাখার অনুমতি দেয়া মাহির কাজ। মাহি কোন স্থানীয় প্রশাসনে কাজ করছে?
ⓚ বিভাগীয় প্রশাসন ⓚ জেলা প্রশাসন
ⓖ জেলা পরিষদ ⓖ উপজেলা পরিষদ

২৫. সামাজিক অসঙ্গতির মূল কারণ কোনটি?
ⓚ মূল্যবোধের অধপতন
ⓚ আচার ব্যবহারে নেতিবাচক পরিবর্তন
ⓖ আইন-শৃঙ্খলার অবনতি
ⓖ রীতিনীতির নিয়ন্ত্রণহীনতা

২৬. কোনটি কর বহির্ভূত রাজস্ব?
ⓚ আবগারি শুল্ক
ⓚ সম্পূরক শুল্ক
ⓖ নন-জুডিশিয়াল স্ট্যাম্প
ⓖ জরিমানা ও দণ্ড

নিচের চিত্র দেখে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:




Teachingbd24.com

২৭. 'A' চিহ্নিত গ্রহটিতে কোনটি অনুপস্থিত?
ⓚ বাতাসের চাপ ⓚ কার্বন ডাই-অক্সাইড
ⓖ বায়ুমণ্ডল ⓖ অক্সিজেন

২৮. 'C' গ্রহের চেয়ে 'B' গ্রহে মানুষ বসবাসের গুরুত্বপূর্ণ কারণ কোনটি?
ⓚ নাইট্রোজেন ও অক্সিজেনের শতকরা হার অন্যান্য গ্যাসের চেয়ে বেশি হওয়ায়
ⓚ কার্বন ডাই-অক্সাইডের শতকরা হার অপরিবর্তিত
ⓖ সূর্য থেকে নিঃসৃত তাপ মানুষের কাছে অসহনীয়
ⓖ ট্রপোমণ্ডল স্তরটি সর্বোচ্চ স্তরে অবস্থিত

২৯. কৃষি ব্যাংককে বিশেষ আর্থিক প্রতিষ্ঠান বলার কারণ কোনটি?
ⓚ গবাদিপশু লালন-পালনের জন্য অর্থের সহায়তা প্রদান
ⓚ ভূমিহীন নারীদের বিনা বন্ধকে ঋণ প্রদান
ⓖ বাড়িঘর তৈরির জন্য অর্থ যোগান দেওয়া
ⓖ হুন্ডি ব্যবসায়ীদের আর্থিক সহায়তা প্রদান

৩০. সামাজিকীকরণে মুখ্য ভূমিকা পালন করে কোন মাধ্যম?
ⓚ খেলার সাথী ⓚ চলচ্চিত্র
ⓖ বিদ্যালয় ⓖ পরিবার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com